তারিখ: ০৯.০২.২০২৩

# নৈতিকতা কমিটির ৭ম সভার কার্যবিবরণী

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের নৈতিকতা কমিটি'র ৭ম সভা কমিটির সভাপতি ও মাননীয় উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার-এর সভাপতিত্বে গত ০৫.০২.২০২৩ তারিখ মঙ্গলবার, সকাল ১০.৩০টায় উপাচার্য মহোদয়ের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় নিম্নোক্ত সম্মানিত সদস্যগণ উপস্থিত ছিলেন:

( জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

- প্রফেসর ড. নাসিম বানু, প্রো-উপাচার্য (প্রশাসন) ও সদস্য, নৈতিকতা কমিটি, বাউবি ।
- ড. মহাঃ শফিকুল আলম, রেজিস্ট্রার ও সদস্য-সচিব, নৈতিকতা কমিটি, বাউবি।
- প্রফেসর সুফিয়া বেগম, ডিন, স্কুল অব এডুকেশন ও সদস্য, নৈতিকতা কমিটি, বাউবি ।
- প্রফেসর ড. মোঃ জাহাঙ্গীর আলম, ডিন, এসএসএইচএল ও সদস্য, নৈতিকতা কমিটি, বাউবি।
- জনাব মো: মামুন হাসান (পরিচালক, প্রশাসন) ও পরিচালক, অর্থ ও হিসাব বিভাগ (অতিরিক্ত দায়িত্ব) ও সদস্য, নৈতিকতা কমিটি, বাউবি।
- ড. এ.এইচ.এম আনিসুর রহমান আখন্দ, পরিচালক, এসএসএস ও সদস্য, নৈতিকতা কমিটি, বাউবি।
- এম এস নাজনীন আখতার, যুগ্ম-পরিচালক (কাউন্সিল) ও সদস্য সচিব, এপিএ টিম ও জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি,বাউবি। (আমন্ত্রণক্রমে)
- এম এস নার্গিস আখতার, যুগ্ম-পরিচালক (অর্থ ও হিসাব বিভাগ)ও সদস্য সচিব, ইনোভেশন টিম,বাউবি। (আমন্ত্রণক্রমে)
- জনাব মো: আহসানুর রহমান, সিস্টেম এনালিস্ট, কম্পিউটার বিভাগ (পরিচালক, কম্পিউটার-এর পক্ষে)। (আমন্ত্রণক্রমে)
- জনাব মো: জাহাঙ্গীর আলম, উপ-পরিচালক (কাউন্সিল) ও সদস্য সচিব, অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়নে সহায়তা করার জন্য গঠিত কমিটি, বাউবি। (আমন্ত্রণক্রমে)
- জনাব মো: আব্দুল হাই (বাবু), সহকারী পরিচালক, তথ্য ও গণসংযোগ বিভাগ ও সদস্য সচিব, তথ্য অধিকার বাস্তবায়ন কমিটি। (আমন্ত্রণক্রমে)

সভার শুরুতেই উপাচার্য মহোদয় বাঙ্গালীর অহংকার ও গর্ব বাংলাকে মাতৃভাষা হিসেবে প্রতিষ্ঠার লক্ষ্যে শহীদ সকল ভাষা সৈনিকদের প্রতি অকুন্ঠ শ্রদ্ধা নিবেদন করে তাঁদের অবদানের কথা কৃতজ্ঞ চিত্তে স্মরণ করেন।

এছাড়াও বাউবির কম্পিউটার বিভাগের পরিচালক (ভারপ্রাপ্ত) জনাব মো: মাসুম বিল্লাহ-এর পিতার বার্ধক্যজনিত কারণে মৃত্যুতে বাউবি পরিবারের পক্ষ হতে উপাচার্য মহোদয় গভীর সমবেদনা প্রকাশ করেন।

অত:পর উপাচার্য মহোদয় উঁপস্থিত সম্মানিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচি অনুযায়ী সভা শুরু করার জন্য রেজিস্ট্রার ও সদস্য-সচিব, নৈতিকতা কমিটি, বাউবি-কে নির্দেশ দেন। অত:পর রেজিস্ট্রার মহোদয় উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে আলোচ্যসূচি বিবেচনার জন্য সভায় উপস্থাপন করেন।

আলোচ্য-০১ : নৈতিকতা কমিটির কমিটির ০৬.১২.২০২২ তারিখে অনুষ্ঠিত ৬ষ্ঠ সভার কার্যবিবরণী অনুসমর্থন

সিদ্ধান্ত -০১ : বাউবির নৈতিকতা কমিটির ০৬.১২.২০২২ তারিখে অনুষ্ঠিত ৬ষ্ঠ সভার কার্যবিবরণী অনুসমর্থন করা হলো।

আলোচ্য-০২: বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সাথে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়-এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (২০২২-২০২৩) এর ২য় ত্রৈমাসিক প্রতিবেদন অবগতকরণ।

সিদ্ধান্ত-০২ : বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়-এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (২০২২-২০২৩) এর ২য় ত্রৈমাসিক প্রতিবেদন কর্তৃপক্ষের অনুমোদনের প্রেক্ষিতে ইউজিসিতে প্রেরণের বিষয়টি রেজিস্ট্রার, বাউবি ও টিম লিডার, এপিএ টিম সকল সদস্যদের অবগতকরণ করেন এবং প্রতিবেদনটি প্রস্তুত করার বিষয়ে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।

আলোচ্য-০৩: নৈতিকতা কমিটির ২৮.০৯.২০২২ তারিখ ও ০৬.১২.২০২২ তারিখ এ অনুষ্ঠিত যথাক্রমে ৫ম এবং ৬ষ্ঠ সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা।

সিদ্ধান্ত-০৩: নৈতিকতা কমিটির ২৮.০৯.২০২২ তারিখ ও ০৬.১২.২০২২ তারিখ এ অনুষ্ঠিত যথাক্রমে ৫ম এবং ৬ষ্ঠ সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কে বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক) ইউজিসির চাহিদা মোতাবেক বাউবির ওয়েব পোর্টাল তৈরির ব্যবস্থা গ্রহণকরণের জন্য a2i বরাবরে প্রেরিত পত্রের বিষয়ে পরিচালক কম্পিউটার-এর পক্ষে জনাব মো: আহসানুর রহমান, সিস্টেম এনালিস্ট সকলকে অবগত করেন যে, a2i- এর পক্ষ হতে গত ২৬.০১.২০২৩ তারিখে বাউবির ওয়েব পোর্টাল তৈরীর Acces সহ URL এবং Format পাওয়া গিয়েছে। বাউবির ওয়েব পোর্টালটিতে সকল তথ্য আপলোড করার জন্য কম্পিউটার বিভাগকে একটি টিম গঠন করে আগামী ২০.০২.২০২৩ তারিখের মধ্যে সম্পাদন করার জন্য কম্পিউটার বিভাগকে নির্দেশ প্রদান করা হয়। পরিচালক. কম্পিউটার বিষয়টি সম্পাদন করে মাননীয় উপাচার্য ও রেজিস্ট্রার, বাউবি এবং টিম লিডার, এপিএ টিমকে অবগত করবেন। বাউবির নতুন ওয়েবসাইটে Voice Command সহ বাংলা ও ইংরেজি দুটি ভার্সন থাকার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

(খ) বাউবিতে ই-নথি বাস্তবায়নের ক্ষেত্রে ইউজিসির সাথে আলোচনার প্রেক্ষিতে, বিভিন্ন স্কুল, বিভাগ, দপ্তর ও শাখা হতে উপযোগী প্রার্থী ( কম্পিউটার ও ইন্টারনেটে চালনায় দক্ষ, প্রশাসনিক জ্ঞানসম্পন্ন ও আগ্রহী) নির্বাচন করে ই-নথি সংক্রান্ত মাস্টার ট্রেইনার তৈরির লক্ষ্যে অংশগ্রহণকারীদের তালিকা প্রস্তুতকরত: প্রয়োজনীয় প্রশিক্ষণের জন্য ইউজিসিতে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। এই প্রশিক্ষণের জন্য ব্যয় বাউবির আইকিউএসি-তে বরাদ্দকৃত প্রশিক্ষণবাবদ ব্যয় হতে নির্বাহ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(গ) বাউবির সেবা নিশ্চিতকরণের জন্য প্রস্তুতকৃত সিটিজেন চার্টার ০৬.০২.২০২৩ তারিখে উদ্বোধন করে ওয়েবসাইটে আপলোড করা হবে মর্মে সেবা প্রদান কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির সভাপতি প্রফেসর ড. নাসিম বানু, প্রো-উপাচার্য (প্রশাসন) সভায় অবগত করেন। বাউবির গাজীপুরস্থ ক্যাম্পাসসহ আঞ্চলিক ও উপ-

আঞ্চলিক কেন্দ্রে পরবর্তীতে ডিসপ্লে বোর্ডের মাধ্যমে এই সিটিজেন চার্টার ডিসপ্লের ব্যবস্থা করার সিদ্ধান্ত গৃহীত হয়। বাউবির ওয়েব সাইটে সিটেজেন চার্টার কতজন ভিজিট করছেন বা Hit করছেন তা auto count করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সুপারিশ করা হয়।

(ঘ) তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স তৈরি/ হালনাগাদ করার বিষয়ে তথ্য অধিকার বাস্তবায়ন কমিটির সদস্য-সচিব জনাব মো: আব্দুল হাই (বাবু) পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ, তথ্য ও গণসংযোগ বিভাগ, আইকিউএসি-এর নথিসমূহের হালনাগাদ তালিকার (খসড়া) পাওয়া গেছে মর্মে সভায় অবগত করেন। কম্পিউটার বিভাগের সহযোগিতায় বাউবির তথ্যের ক্যাটালগিং করার জন্য একটি সফটওয়ার তৈরির ব্যবস্থা করণের জন্য তথ্য অধিকার বাস্তবায়ন কমিটিকে দায়িত্ব প্রদান করা হয়। কী প্রক্রিয়ায় তথ্য ও নথির ক্যাটালগিং করা হবে এবিষয়ে ইউজিসি হতে এ বিষয়ে বিশেষজ্ঞ আমন্ত্রণ জানিয়ে একটি কর্মশালার মাধ্যমে সকলকে বিষয়টি অবগত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঙ) বাউবির অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা কার্যকর করার লক্ষ্যে অন-লাইনে অভিযোগ দাখিল, ট্র্যাকিং রাখা, সমাধানের মাধ্যমে অভিযোগকারীকে অবহিতকরণের সহজে ও দ্রুত করার জন্য জিআরএস সফটওয়্যার-এর বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা কমিটির সভাপতি আগামী ১৫ দিন অর্থাৎ ২০.০২.২০২৩ তারিখের মধ্যে একটি সফটওয়্যার (খসড়া) অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা কমিটির নিকট উপস্থাপন করা হবে মর্মে অবগত করেন।

(চ) বাউবির কম্পিউটার, প্রিন্টার, স্কানারসহ বিভিন্ন যন্ত্রপাতির একটি বর্ণনামূলক তালিকা (ইনভেনটরি) ইতোমধ্যে প্রস্তুত করা হয়েছে মর্মে জনাব মো: আহসানুর রহমান, সিস্টেম এনালিস্ট সকলকে অবগত করেন। ইনভেনটরিসহ বাউবির সকল কম্পিউটার সংক্রান্ত যন্ত্রপাতিসমূহের বর্তমান অবস্থা সংক্রান্ত তথ্য যেন অন-লাইনে দেখা যায় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কম্পিউটার বিভাগকে দায়িত্ব প্রদান করা হয়। নির্দিষ্ট সময় অন্তর (প্রতি ত্রৈমাসিক কিংবা ষান্মাষিক) বাউবির সকল কম্পিউটারসমূহ নিয়মিত রক্ষণাবেক্ষন করে তা রেজিস্টারভুক্ত করার বিষয়টি দ্রুত চালু করার বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়।

(ছ) শিক্ষার্থীরা অন-লাইনে ভর্তি/রেজিস্ট্রেশনের সময় অসঙ্গতি ও ভুল কমিয়ে আনার জন্য অন-লাইনে ভর্তি/রেজিস্ট্রেশনের সময় আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রে শিক্ষার্থীদের জন্য নিবেদিত (Dedicated) কম্পিউটার সেবা প্রদান করার প্রস্তাবনা গ্রহণের বিষয়ে এসএসএস বিভাগ এবং কম্পিউটার বিভাগ আলোচনা করে একটি প্রস্তাবনার খসড়া ইতোমধ্যে প্রস্তুত করা হয়েছে মর্মে পরিচালক, এসএসএস বিভাগ সভাকে অবগত করেন। অতি দ্রুত প্রস্তাবনাটি চুড়ান্ত করা করে দাখিল করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

আলোচ্য-০৪: বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সাথে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়-এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (২০২২-২০২৩) এর ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ) লক্ষ্যমাত্রা বাস্তবায়নে করণীয় সম্পর্কে আলোচনা।

সিদ্ধান্ত-০৪ : বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সাথে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়-এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (২০২২-২০২৩) এর ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ) লক্ষ্যমাত্রা যে সকল ক্ষেত্রে অর্জন হয়নি তা যেমন: অন-

লাইন ও অফ-লাইন কোর্স চালুকরণ, আউটকাম বেইজড কারিকুলাম উন্নয়ন, জার্নাল প্রকাশ, গবেষণা, ই-নথি বাস্তবায়নসহ অন্যান্য কার্যক্রমের লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে সংশ্লিষ্ট স্কুল/বিভাগ/শাখা- কে তাগাদা প্রদান করে পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে সকলের সহযোগিতার বিষয়ে আশাবাদ ব্যক্ত করা হয়।

বিবিধ আলোচ্য ০১ : শিক্ষার্থী সেবা সহজীকরণ করার বিষয়ে আলোচনা।

বিবিধ সিদ্ধান্ত ০১ : শিক্ষার্থী সেবা সহজীকরণের মাধ্যমে বাউবির অভিযোগ কমিয়ে আনার বিষয়ে এসএসএস, পরীক্ষা ও কম্পিউটার বিভাগসহ সংশ্লিষ্ট সকলকে আরও সচেষ্ট হওয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হয়। বিভিন্ন তথ্য, ভিডিও প্রোগ্রামসহ অন্যান্য বিষয়াদি যথাসময়ে ওয়েবসাইটে আপলোড করার বিষয়ে কম্পিউটার, মিডিয়া এবং তথ্য ও গণ-সংযোগ বিভাগকে সমন্বয় সাধনের জন্য গুরুত্ব আরোপ করা হয়।

সভায় আর কোন আলোচ্য না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

| | |
|---|---|
| **ড. মহাঃ শফিকুল আলম** | **অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার** |
| রেজিস্ট্রার | উপাচার্য |
| ও | ও |
| সদস্য-সচিব, নৈতিকতা কমিটি | সভাপতি, নৈতিকতা কমিটি |
| বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়। | বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়। |